

Higher Secondary Examination, 2008

Anthropology (New Syllabus)

(Bengali Version)

১. প্রশ্নগুলির উত্তর দাওঃ

১x১০=১০

ক) বি.এস.গুহ'র লিখিত একটি বই-এর নাম লেখ। (খ) ভারতের একটি মঙ্গোলয়েড জাতিজনগোষ্ঠীর নাম কর। (গ) অতিকুষ্টিত কেশ কোন জাতিজনগোষ্ঠীর মধ্যে দেখা যায়? (ঘ) লম্বাটে মস্তক কোন জাতিজনগোষ্ঠীর মধ্যে দেখা যায়? (ঙ) তরঙ্গায়িত কেশ কাদের মধ্যে দেখা যায়?

অথবা, **Straight hair** কাদের মধ্যে দেখা যায়?

চ) উল্টানো ঠোঁট কোন জাতিজনগোষ্ঠীর বৈশিষ্ট্য?

অথবা, মঙ্গোলীয় ভাঁজ কোন জাতিজনগোষ্ঠীর মধ্যে দেখা যায়?

ছ) লোখাদের প্রধান উপজীবিকা কি?

জ) উচ্চ প্রত্নস্তর যুগের অস্তিনির্মিত একটি আয়ুধের নাম লেখ।

অথবা, 'ভীমভেটকা' কী জন্য বিখ্যাত?

ঝ) ভারতের একটি পশুপালক উপজাতির নাম লেখ।

অথবা, ভারতের একটি খাদ্যসংগ্রহকারী উপজাতির নাম লেখ।

ঞ) পাণ্ডুরাজার চিবি কি জন্য বিখ্যাত?

২. প্রশ্নগুলির উত্তর দাওঃ

২x১০=২০

ক) লেপটোরাইন ও মেসোরাইন বলতে কি বোঝ?

অথবা, লিওট্রিচি ও উলোট্রিচি বলতে কি বোঝ?

খ) মানুষের দেহত্বক বর্ণ প্রধানত কয় প্রকার ও কী কী?

অথবা, নেগ্রিটোর ২টি বৈশিষ্ট্য লেখ।

গ) 'ফ্লুভিয়াল ডিপোজিট' বলতে কি বোঝ? (ঘ) 'বুরজাহম' किसের জন্য বিখ্যাত? (ঙ) ভারতীয় মধ্যপ্রস্তর যুগের বিশেষ নামকরণ কে করেন এবং কি নামে ইহা পরিচিত? (চ) নব্যপ্রস্তর যুগের উত্তর-পূর্ব ভারতের ২টি আয়ুধের নাম লেখ। (ছ) পশ্চিমবঙ্গের দুজন উল্লেখযোগ্য নৃবিজ্ঞানীর নাম লেখ।

জ) প্লিস্টোসিন যুগের বৈশিষ্ট্য কি?

অথবা, হলোসিন যুগের বৈশিষ্ট্য কি?

ঝ) হারপুন কি কি কাজে ব্যবহৃত হয়?

অথবা, 'সেল্ট' কি কাজে ব্যবহৃত হয়?

ঞ) অ্যানিমিজম কি অথবা, ট্যাবু কি?

৩. প্রশ্নগুলির উত্তর দাওঃ

৫x৬=৩০

ক) ইউরোপের প্লিস্টোসিন যুগের গুরুত্বপূর্ণ আবহাওয়ার সম্বন্ধে সংক্ষিপ্ত টীকা লেখ।

খ) ভারতের নিম্ন প্রত্নস্তর যুগের গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্যগুলি লেখ।

অথবা, ভারতের মধ্যপ্রস্তর যুগের গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্যগুলি লেখ।

গ) সাঁওতালদের অর্থনৈতিক জীবনের গুরুত্বপূর্ণ দিকগুলি কি কি?

অথবা, টোটোদের অর্থনৈতিক জীবনের গুরুত্বপূর্ণ দিকগুলি কি কি?

ঘ) ভারতের নব্যপ্রস্তর যুগের পটারী সম্পর্কে সংক্ষিপ্ত টীকা লেখ।

অথবা, নব্যপ্রস্তর যুগের বৈশিষ্ট্যসম্পন্ন আয়ুধগুলির উল্লেখ পূর্বক এদের নির্মাণ কৌশল সংক্ষেপে লেখ।

ঙ) লেপচাদের মধ্যে 'অতিপ্রাকৃত ধারণা ও বিশ্বাস' সম্পর্কে সংক্ষেপে লেখ ।

অথবা, টোটোদের মধ্যে 'অতিপ্রাকৃত ধারণা ও বিশ্বাস' সম্পর্কে সংক্ষেপে লেখ ।

চ) উত্তর ভারতের উচ্চ প্রত্নপ্রস্তর যুগ সম্বন্ধে সংক্ষেপে লেখ ।

অথবা, দক্ষিণ ভারতের উচ্চ প্রত্নপ্রস্তর যুগ সম্বন্ধে সংক্ষেপে লেখ ।

8. প্রশ্নগুলির উত্তর দাওঃ

১০x৪=৪০

ক) এইচ.এইচ.রিসলের মতানুযায়ী অবিভক্ত ভারতের জাতিজনগোষ্ঠীর বৈশিষ্ট্য ও নাম উল্লেখপূর্বক শ্রেণিবিভাগ কর ।

অথবা, বি.এস.গুহ'র মতে অবিভক্ত ভারতের জাতিজনগোষ্ঠীর শ্রেণিবিভাগ কর ।

খ) ভারতে নিগ্রয়েড জাতিজনগোষ্ঠীর ভৌগোলিক বিস্তার ও দৈহিক বৈশিষ্ট্য উল্লেখপূর্বক আলোচনা কর ।

অথবা, দৈহিক উচ্চতা অনুযায়ী এবং নাকের ধরন অনুযায়ী কীভাবে জাতিজনগোষ্ঠীর বর্ণীকরণ করা হয় ? উদাহরণ সহযোগে আলোচনা কর ।

গ) ভারতবর্ষে নৃবিজ্ঞান আলোচনার/চর্চার সূত্রপাত এবং উন্নতির ক্রমপর্যায়গুলি সম্পর্কে আলোচনা কর ।

অথবা, উদাহরণ সহযোগে অর্থনৈতিক ভিত্তিতে ভারতীয় আদিবাসীদের ভৌগোলিক বিস্তার উল্লেখপূর্বক শ্রেণিবিভাগ কর ।

ঘ) লেপচাদের বস্তুসংস্কৃতি সম্পর্কে আলোচনা কর ।

অথবা, লোধাদের বস্তুসংস্কৃতি সম্পর্কে আলোচনা কর ।